# ক্ষুদ্র নৃ গোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট

খাগড়াছড়ি পার্বত্য জেলা।

Phone-0371-62149, Fax-0371-62610

www.knsikhagrachari.org


## নির্বাহী পরিষদ সভার কার্য বিবরণী

অদ্য ২৪/০৩/২০১৪ খ্রিঃ রোজ সোমবার ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, খাগড়াছড়ি-এর নির্বাহী পরিষদের ৮ম সভা খাগড়াছড়ি ক্ষুদ্র নৃ গোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট নির্বাহী পরিষদের সভাপতি ও খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ-এর মাননীয় চেয়ারম্যান জনাব চাইথো অং মারমা মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভাপতি মহোদয় উপস্থিত সকল সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে আলোচ্য সূচি অনুসারে সভার কাজ শুরু করার জন্য এবং বিগত সভার কার্য বিবরণী পাঠের জন্য ক্ষুদ্র নৃ গোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, খাগড়াছড়ি-এর উপ পরিচালক জনাব সুসময় চাকমাকে অনুরোধ করেন। (সভায় উপস্থিত সম্মানিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট-ক)

অতঃপর ইনস্টিটিউটের উপ পরিচালক জনাব সুসময় চাকমা সভাপতি এবং উপস্থিত অপর সম্মানিত সদস্যগণকে ইনস্টিটিউটের পক্ষ হতে আন্তরিক শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানোর পর নিম্নরুপ সংশোধনী গ্রহণ করে তা সর্ব্ব সম্মতিক্রমে অনুমোদন করা হয়।

সংশোধনী ঃ

২ নং বিষয়ের সিদ্ধান্তঃ মন্ত্রণালয় কর্তৃক প্রবিধানমালা না হওয়া পর্যন্ত কার্যপ্রণালী বিধি প্রনয়নের জন্য গঠিত উপ কমিটির কার্যক্রম স্থগিত করা হল।

| নং | বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১ | বৈসু, স্যাংগ্রাই ও বিঝু উৎসব | উপ পরিচালক সভাকে অবহিত করেন যে, ক্ষুদ্র নৃ গোষ্ঠীদের ঐতিহ্যবাহী বৈসু, সাংগ্রাই এবং বিঝু উৎসব উদযাপন উপলক্ষে আগামী ০৮ এপ্রিল হতে ১০ এপ্রিল পর্যন্ত ৩ দিন ব্যাপী সাংস্কৃতিক মেলা ও উৎসব আয়োজন করার বিষয়টি উত্থাপন করেন। এ বিষয়ে উপস্থিত সম্মানিত সদস্যগণ বিস্তারিত আলোচনা করে নিম্নরুপভাবে "বৈসু, সাংগ্রাই এবং বিঝু উৎসব উদযাপন উপ কমিটি " গঠন করা হয়।<br><br>আহব্বায়ক ঃ জনাব এ্যাড. রতন কুমার দে, সম্মানিত সদস্য , ক্ষুনৃসাই নিঃ পঃ<br>সদস্য সচিব ঃ জনাব সুসময় চাকমা, উপ পরিচালক, ক্ষুনৃসাই , খাগড়াছড়ি।<br>সদস্য ঃ জনাব শ্রীলা তালুকদার, সম্মানিত সদস্য , ক্ষুনৃসাই নিঃ পঃ<br>ঃ জনাব অংসুই মারমা, সম্মানিত সদস্য, ক্ষুনৃসাই নিঃ পঃ<br>ঃ জনাব জিতেন চাকমা, গবেষণা কর্মকর্তা, ক্ষুনৃসাই<br>ঃ জনাব অমলেন্দু মজুমদার, প্রশিক্ষক(সংগীত), ক্ষুনৃসাই।<br>ঃ জনাব অরুণ শর্মা, প্রশিক্ষক(বাদ্য যন্ত্র) , ক্ষুনৃসাই।<br><br>উক্ত কমিটি ৩ দিন ব্যাপী সাংস্কৃতিক মেলা ও উৎসব এর বিস্তারিত বাজেট ও কর্ম পরিকল্পনা প্রনয়ন করে বাস্তবায়ন করবে। | উ পরিচালক, ক্ষুনৃসাই। |
| ২. | সাংগঠনিক কাঠামো | উপ পরিচালক সভাকে জানান যে, ইনস্টিটিউটের জনবল এবং সাংগঠনিক কাঠামো মন্ত্রণালয় কর্তৃক চূড়ান্ত অনুমোদনের জন্য ইতোমধ্যে তা প্রেরণ করা হয়েছে। তিনি ঘটনাত্তোর অনুমোদন প্রদানের জন্য অদ্যকার সভায় পেশ করেন।(পরিশিষ্ঠ-খ)।<br><br>সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনার পর ইনস্টিটিউটের সাংগঠনিক কাঠামোটি ঘটনাত্তোর অনুমোদন করা হল। | |

# ক্ষুদ্র নৃ গোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট

খাগড়াছড়ি পার্বত্য জেলা।

Phone-0371-62149, Fax-0371-62610

www.knsikhagrachari.org


| | | | |
|---|---|---|---|
| । | | | |
| ৩. | মুদ্রণ ও বাঁধাই | উপ পরিচালক সভাকে জানান বর্তমান অর্থবছর ২০১৩-২০১৪ এ মুদ্রন ও বাঁধাই খাতে প্রকৃত বরাদ্ধ ২,২০,০০০/০০ (দুই লক্ষ বিশ হাজার) যা সংশোধিত আকারে ৩,২০,০০০/০০ (তিন লক্ষ বিশ হাজার) টাকা বরাদ্ধ রাখার জন্য প্রস্তাব মন্ত্রণালয়ে বিবেচনাধীন রয়েছে। উক্ত বরাদ্ধ হতে বিঝু উপলক্ষে বিশেষ সংকলণ প্রকাশ করার জন্য আনুমানিক ৯৭,০০০/০০ (সাতানব্বই হাজার ) টাকা ব্যয় করার পর অবশিষ্ট ২,২৩,০০০/০০ ( একলক্ষ তেইশ হাজার) টাকায় নিম্নোক্ত গ্রন্থ দুটি মুদ্রণ করার জন্য প্রস্তাব পেশ করেন।<br>১. গীতি মঞ্জুরী লেখক প্রয়াত রাজগুরু অগ্রবংশ মহাথেরো।<br>২. The Tribes of CHITTAGONG HILL TRACTS -A. B. Rajput.<br><br>পান্ডুলিপি বিষয়ে জনাব মধুমঙ্গল চাকমা বলেন যে, প্রয়াত রাজগুরু অগ্রবংশ মহাথেরো একজন গুণী ব্যক্তিত্ব ছিলেন। তিনি মিয়ানমারে অনুষ্ঠিত ৬ষ্ঠ সংগীতিকারক হিসেবে এ দেশের বৌদ্ধ সম্প্রদায়ের পক্ষ হতে প্রতিনিধিত্ব করেছিলেন। তার মতো একজন গুণী ব্যক্তির পান্ডুলিপি প্রকাশ করা উচিৎ। এ ছাড়াও A. B. Rajput কর্তৃক The Tribes of CHITTAGONG HILL TRACTS বইটি বর্তমানে দুস্প্রাপ্য। এটি পূনঃমুদ্রিত হলে অনেক গবেষকের উপকারে আসবে।<br><br>এ বিষয়ে বিস্তারিত আলোচনার পর বই দুটি মুদ্রণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করার জন্য উপ পরিচালককে অনুরোধ করা হয়।<br><br>সিদ্ধান্ত ঃ সংগৃহিত পান্ডুলিপি দুটি মুদ্রণ করার জন্য সম্বাব্য বাজেট প্রনয়ন করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করার জন্য উপ পরিচালককে অনুরোধ করা হয়। | |
| ৪. | গবেষণা পত্রিকা। | উপ পরিচালক জনাব সুসময় চাকমা আগামী ২০১৫ হতে একটি ষান্মাসিক গবেষণা পত্রিকা প্রকাশ করার বিষয়টি সভায় উথাপন করেন। গবেষনা পত্রিকা প্রকাশ করার উদ্যোগ একটি সাহসী পদক্ষেপ উল্লেখ করে সম্মানিত সদস্য জনাব এ্যাড. রতন দে উপ পরিচালককে অভিনন্দন জানিয়ে বলেন যে, ইনস্টিটিউটের কার্যাবলীর মধ্যে গবেষণা পত্রিকা প্রকাশ করা একটি উল্লেখযোগ্য কার্যক্রম। নিয়মিত গবেষণা পত্রিকা প্রকাশ করা সম্বব হলে নতুন নতুন গবেষক যেমন সৃষ্টি হবে তেমনি আগ্রহী লেখক /গবেষকদেরও উৎসাহ যোগাবে। এ বিষয়ে বিস্তারিত আলোচনার পর আগামী বছর হতে নিয়মিতভাবে গবেষণা পত্রিকা প্রকাশ করার জন্য সকলে অভিমত প্রকাম করেন।<br><br>সিদ্ধান্ত ঃ জানুয়ারী /২০১৫ হতে গবেষণা পত্রিকা প্রকাশের উদ্যোগ গ্রহন করার জন্য উপ পরিচালককে অনুরোধ করা হল। | ঐ |
| ৫. | অফিস সরঞ্জাম | উপ পরিচালক সভাকে জানান যে, অত্র ইনস্টিটিউটের মাধ্যমে বিভিন্ন সময়ে সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করতে হয়। কিন্তু ইনস্টিটিউট প্রতিষ্ঠার পর হতে ইনস্টিটিউটের নিজস্ব কোন পোষাক না থাকায় সাংস্কৃতিক অনুষ্টান পরিবেশনের সময় শিল্পীদের নানাবিধ বিরম্বনায় পড়তে হয়। তাই ইনস্টিটিউটের নিজস্ব | ঐ |

# ক্ষুদ্র নৃ গোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট
খাগড়াছড়ি পার্বত্য জেলা।
Phone-0371-62149, Fax-0371-62610
www.knsikhagrachari.org


| | | | |
|---|---|---|---|
| | | পোষাক, অলঙ্কার থাকা উচিৎ । তিনি বর্তমান অর্থ বছরে অফিস সরঞ্জাম খাতে প্রাপ্ত ১,০০,০০০/০০ (এক লক্ষ) টাকা দিয়ে চাকমা শিল্পীদের ব্যবহার করার জন্য পিনন-খাদি ক্রয় করার প্রস্তাব পেশ করেন। জনাব অংসুই মারমা জানান, ইনস্টিটিউট একটি সরকারী প্রতিষ্ঠান হিসেবে শিল্পীদের ব্যবহারের জন্য অবশ্য পোষাক ও অলঙ্কার থাকা দরকার। এ বিষয়ে উপস্থিত সকলে ইনস্টিটিউটের জন্য নিজস্ব পোষাক সংগ্রহ ও ক্রয়ের পক্ষে মত প্রদান করেন।<br><br>সিদ্ধান্তঃ বর্তমান অর্থ বছর ২০১৩-২০১৪ এ অফিস সরঞ্জাম খাত হতে প্রাথমিকভাবে চাকমা পিনন-খাদি সংগ্রহ/ক্রয় করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের জন্য উপ পরিচালককে অনুরোধ করা হর। | |
| ৬. | বিজ্ঞাপন | বর্তমান অর্থবছরে সংশোধিত বাজেটের আওতায় বিজ্ঞাপণ ও প্রচার খাতে ১,২০,০০০/০০ (এক লক্ষ বিশ) হাজার টাকা বরাদ্ধ আছে। বিভিন্ন সাংস্কৃতিক ও সাহিত্য সংগঠন বৈসু, সাংগ্রাই ও বিঝু উৎসব উদযাপন উপলক্ষে সাহিত্য সংস্কৃতি বিষয়ক বিশেষ সংকলণ প্রকাশ করে থাকে । এ সব সংকলণ প্রকাশের জন্য সহায়তাস্বরুপ নিম্নে উল্লেখিত সংগঠণ সমূহ বিজ্ঞাপণ প্রদানের জন্য আবেদন পেশ করেছেন।<br>১. খাগড়াছড়ি সাহিত্য পরিষদ।<br>২. বনযোগিছড়া কিশোর কিশোরী কল্যাণ সমিতি।<br>৩. Hill Tracts Jumma Students Organization.<br><br>এ বিষয়ে উপ পরিচালক জানান যে, ইনস্টিটিউট আইনের ৯(জ) ধারামতে এতদঅঞ্চলের সাংস্কৃতিক এবং নাট্য সংগঠনসমূহকে আর্থিক অনুদান এবং অস্বচ্ছল ও অসহায় শিল্পীদের আর্থিক সহায়তা প্রদান করা ইনস্টিটিউটেউটের দাযিত্ব ও কর্তব্য। সেই আলোকে উল্লেখিত সংগঠনসমূহকে বিজ্ঞাপন প্রচারের মাধ্যমে সহায়তা প্রদান করার বিষয়টি বিবেচ্য এবং উক্ত খাতে অর্থও বরাদ্ধ আছে। অতএব বিস্তারিত আলাপ আলোচনার পর উপস্থিত সকলে একমত পোষণ করেন যে , বাংলাদেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে এতদঅঞ্চলের শিক্ষার্থীরা ঐতিহ্যবাহী এই উৎসবকে ঘিরে সংকলণ প্রকাশ করার জন্য যে উদ্যোগ গ্রহন করে থাকে তা প্রশংসনীয়ও বটে। বিস্তারিত আলোচনার পর সর্ব সম্মতিক্রমে আবেদনকারী সংগঠনসমূহকে সহায়তা স্বরুপ বিজ্ঞাপন প্রচারের জন্য নিম্নরুপ ব্যয় মঞ্জুর করা হয়।<br><br>সিদ্ধান্তঃ আবেদনকারী সংগঠন সমূহকে নিম্নরুপ হারে বিঞ্জাপণ মঞ্জুর করা হল।<br>১. খাগড়াছড়ি সাহিত্য পরিষদ (সংকলণের শেষ পৃষ্টা) ১০,০০০/০০<br>২. বনযোগিছড়া কিশোর কিশোরী কল্যাণ সমিতি (সংকলণের ভিতরের পূর্ণং পৃষ্টা) ৫,০০০/০০<br>৩. Hill Tracts Jumma Students Organization. (সংকলণের ভিতরে পূর্ণ পৃষ্টা) ৫,০০০/০০ ৫,০০০/০০ | ঐ |
| ৭. | ভবিষ্য তহবিল | কর্মকর্তা কর্মচারীদের ভবিষ্য তহবিল বিষয়ে জনাব জিতেন চাকমা উথাপন করে বলেন যে, বর্তমানে বাংলাদেশ কৃষি ব্যাংক খাগড়াছড়ি শাখায় সঞ্চয়ি হিসাবে | ঐ |

# ক্ষুদ্র নৃ গোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট
খাগড়াছড়ি পার্বত্য জেলা।
Phone-0371-62149, Fax-0371-62610
www.knsikhagrachari.org


| | | | |
|---|---|---|---|
| | | ভবিষ্য তহবিলের অর্থসমূহ গচ্চিত রাখা হয়েছে । বাস্তবে সেখানে আশানুরুপ কোন সুবিধা(সুদ) পাওয়া যাচ্ছে না। তিনি সুবিধাজনক যে কোন ব্যাংক-এ বিনিয়োগ করার যায় কিনা বিবেচনার জন্য অনুরোধ করেন। মাননীয় চেয়ারম্যান মহোদয় এ বিষয়ে বলেন যে, যেখানে সুবিধা পাওয়া যায় সেখানে বিনিয়োগপূর্ব্বক হিসাব সমূহ স্তানান্তর করে ব্যবস্থা গ্রহনের জন্য উপ পরিচালককে অনুরোধ করেন।<br>সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনার পর কৃষি ব্যাংকে গচ্ছিত ভবিষ্য তহবিলের অর্থ অন্যত্র স্থানান্তর করার জন্য সিদ্দান্ত গ্রহন করা হল। | |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকল সম্মানিত সদস্যগণকে ধৈর্যের সহিত সময় দিয়ে ইনস্টিটিউটের সার্বিক কর্মকান্ড গতিশীল করার লক্ষে নানাবিধ পরামর্শ দিয়ে সহযোগিতা প্রদানের জন্য আন্তরিক ধন্যবাদ জানিয়ে সকলের মঙ্গল ও সুখ কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৯/০৭/১৭

(চাইথো অং মারমা)
সভাপতি
ক্ষুদ্র নৃ গোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট নির্বাহী পরিষদ
ও
চেয়ারম্যান
পার্বত্য জেলা পরিষদ, খাগড়াছড়ি।

২৯/০৭

পৃষ্ঠা-৪

## [illegible] সাংস্কৃতিক ইনস্টিটিউট, খাগড়াছড়ি এর সাংগঠনিক কাঠামো।

ইনস্টিটিউট- এর কার্যবলী ঃ

১। ক্ষুদ্র নৃগোষ্ঠীর ইতিহাস, সামাজিক ও সাংস্কৃতিক ঐতিহ্য তথা ভাষা, সাহিত্য, সংগীত, নৃত্য, কারুশিল্প, ধর্ম, আচার-অনুষ্ঠান রীতিনীতি, প্রথা, সংস্কার ইত্যাদি বিষয়ে তথ্য উপাত্ত সংগ্রহ করা এবং গবেষণা কর্মসূচি পরিচালনা করা।

২। ক্ষুদ্র নৃ গোষ্ঠীর জীবনধারা, ইতিহাস, ঐহিত্য এবং সমাজ ও সংস্কৃতির উপর সেমিনার, সম্মেলন, ও প্রদর্শনীর আয়োজন এবং সেই সব বিষয়ে পুস্তক সাময়িকী প্রকাশনা এবং প্রামাণ্য চিত্র ধারণ ও প্রচার করা।

৩। ক্ষুদ্র নৃ গোষ্ঠীর জনগণকে জাতীয় সংস্কৃতির মূল স্রোতধারার সহিত সম্পৃক্ত করার লক্ষ্যে বিভিন্ন জাতীয় দিবস ও উৎসব উদযাপন, স্থানীয় শিল্পীদের রাষ্ট্রীয় অনুষ্ঠানে অংশগ্রহনের ব্যবস্থা গ্রহণ করা।

৪। আন্ত জেলা সাংস্কৃতিক বিনীময় কর্মসূচি গ্রহণ করা।

৫। দেশে বিদেশে আঞ্চলিক সাংস্কৃতিক কার্যক্রম তুলে ধরা।

৬। ক্ষুদ্র নৃ গোষ্ঠীদের ঐহিত্যবাহী উৎসব অনুষ্ঠান ও প্রতিযোগিতার আয়োজন করা।

৭। ভাষা, সাহিত্য,সংগীত, নৃত্য,নাট্য ও চারুকলার বিষয়ে প্রশিক্ষণ ও উন্নয়ন কার্যক্রম পরিচালনা করা।

৮। সাংস্কৃতিক ও নাট্য সংগঠনসমূহকে আর্থিক অনুদান এবং আর্থিকভাবে অস্বচ্ছল ও অসহায় শিল্পীদের আর্থিক সহায়তা প্রদান করা।

৯। কৃতি ও বরেণ্য শিল্পীদের সম্মানি ও সম্মাননা প্রদান করা।

১০। ক্ষুদ্র নৃ গোষ্ঠীর জনগনের লুপ্তপ্রায় সাংস্কৃতিক উপাদান সংগ্রহ করে জাদুঘর স্থাপন করা।

১১। ক্ষুদ্র নৃ গোষ্ঠী বিষয়ক গবেষণামূলক গ্রন্থ প্রভৃতি নিয়ে লেখা পুস্তক/গল্পসংগ্রহ করে একটি মূল্যবান লাইব্রেরী প্রতিষ্টার মাধ্যমে গবেষকদের সহায়তা প্রদান করা।

**উপ পরিচালক**
- ১ X উপ পরিচালক
- ১ X কম্পিউটার অপারেটর
- ১ X গাড়ি চালক
- ১ X এমএলএসএস
- ১ X পাহাড়াদার

**প্রশিক্ষক**
- ১ X প্রশিক্ষক (সংগীত)
- ১ X প্রশিক্ষক (উপজাতীয় সংগীত)
- ১ X প্রশিক্ষক (যন্ত্র)
- ১ X প্রশিক্ষক (নৃত্য)
- ১ X প্রশিক্ষক (নাটক)

**গবেষণা কর্মকর্তা**
- ১ X গবেষণা কর্মকর্তা
- ১ X গবেষণা সহকারি

**জন বলের সংক্ষিপ্ত বিবরণ ঃ**

| ক্রঃ নং | পদের বিবরণ | মোট পদ | কর্মরত | শূন্য |
|---|---|---|---|---|
| ০১ | উপ পরিচালক | ০১ | ০১ | ০ |
| ০২ | গবেষণা কর্মকর্তা | ০১ | ০১ | ০ |
| ০৩ | প্রশিক্ষক | ০৫ | ০৩ | ০২ |
| ০৪ | গবেষণা সহকারি | ০১ | ০ | ০১ |
| ০৫ | কম্পিউটার অপারেটর | ০১ | ০ | ০১ |
| ০৬ | গাড়ি চালক | ০১ | ০১ | ০ |
| ০৭ | এমএলএসএস | ০১ | ০১ | ০ |
| ০৮ | পাহাড়াদার | ০১ | ০১ | ০ |
| | মোট | ১২ | ০৮ | ০৩ |

চেয়ারম্যান
পার্বত্য জেলা পরিষদ
খাগড়াছড়ি

**যানবাহন ও অফিস সরঞ্জামাদির বিবরণ**

১। যানবাহন ঃ
- ক) ১ X জীপ গাড়ি

২। অফিস সরঞ্জামাদি ঃ
- ক) ১ X কম্পিউটার (প্রিন্টারসহ)
- খ) ১ X ফটোকপি মেশিন
- গ) ১ X স্কানার মেশিন
- ঘ) ১ X ডিজিটাল ক্যামেরা
- ঙ) ১ X ভিডিও ক্যামেরা
- চ) ১ X টেলিফোন সেট
- ছ) ১ X ফ্যাক্স মেশিন
- জ) ১ X জেনারেটর